

🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৩

১/ বিবিধ

আরবী

النظر إلى وجه المرأة الحسناء والخضرة يزيدان في البصر موضوع

أخرجه أبو نعيم في " الحلية " (3 / 201 _ 202) وعنه الديلمي (4 / 106) من طريق أحمد بن الحسين الأنصاري حدثنا إبراهيم بن حبيب بن سلام المكي حدثنا ابن أبي فديك حدثنا جعفر بن محمد عن أبيه عن جابر مرفوعا

إبراهيم هذا لم أجد من ترجمه وكذا الراوي عنه أحمد بن الحسين، لكن تابعه محمد ابن يعقوب عن أبي الشيخ في " التاريخ " (236) إلا أنه قال: حدثنا إبراهيم بن سلام المكي وتابعه أيضا محمد بن أحمد القاضي البوراني قال: حدثنا إبراهيم بن حبيب بن سلام به، رواه أبو نعيم أيضا كما ذكره السيوطي في " اللآليء " (1 /116) والبوراني هذا ترجمه الخطيب (1 / 295) وروي عن الدارقطني أنه قال فيه: لا بأس به، ولكنه يحدث عن شيوخ ضعفاء

قلت: فالظاهر أن إبراهيم شيخ البوراني في هذا الحديث من أولئك الشيوخ الضعفاء فهو آفة هذا الحديث وقد ذكره الذهبي في " الميزان " في ترجمة محمد بن عبد الرحمن أبي الفضل بسنده عن ابن أبي فديك به، وقال: خبر باطل

قلت: وأورده الصغاني في " الأحاديث الموضوعة " (ص 7) ، وقال ابن القيم هذا الحديث ونحوه من وضع الزنادقة

قلت: وهو وما بعده مما سود به السيوطي " الجامع الصغير " وقد أورده ابن الجوزي



في " الموضوعات " ولكن بلفظ آخر

বাংলা

১৩৩। সুন্দর চেহারার অধিকারিণী নারী এবং সুন্দর ঘাসের দিকে দৃষ্টিদান দৃষ্টিশক্তিকে বৃদ্ধি করে।

হাদীসটি জাল।

হাদীসটি আবূ নু'য়াইম "হিলইয়াহ" গ্রন্থে (৩/২০১-২০২) উল্লেখ করেছেন এবং তার থেকে দাইলামী (৪/১০৬) বর্ণনা করেছেন।

এটির সনদে ইবরাহীম ইবনু হাবীব ইবনে সালাম আল-মাক্কী রয়েছেন। তার জীবনী পাচ্ছিনা। একই অবস্থা তার থেকে বর্ণনাকারী আহমাদ ইবনু হুসাইনের ক্ষেত্রেও। কিন্তু তার মুতাবায়াত পাওয়া গেছে। মুহাম্মাদ ইবনু ইয়াকূব এবং মুহাম্মাদ ইবনু আহমাদ কাষী বুরানী তার মুতাবায়াত করেছেন। তারা সকলেই ইবরাহীম হতে বর্ণনা করেছেন। হাদীসটি সুয়ূতী "আল-লাআলী" গ্রন্থে (১/১১৬) উল্লেখ করেছেন। এ বুরানীর জীবনী আল-খাতীব (১/২৯৫) উল্লেখ করে দারাকুতনীর উদ্ধৃতিতে বলেছেনঃ তার ব্যাপারে কোন সমস্যা নেই। কিন্তু তিনি দুর্বল শাইখদের থেকে হাদীস বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটির সমস্যা হচ্ছে ইবরাহীম। হাদীসটি যাহাবী "আল-মীযান" গ্রন্থে মুহাম্মাদ ইবনু আন্দির রহমান আবুল ফযলের জীবনি বর্ণনা করতে গিয়ে ইবরাহীমের সূত্রে উল্লেখ করে বলেছেনঃ خبر باطل হাদীসটি বাতিল।

সাগানী হাদীসটি "আহাদীসুল মাওযুআহ" গ্রন্থে (পৃঃ ৭) উল্লেখ করেছেন। ইবনুল কাইয়্যিম বলেনঃ এ হাদীসসহ অনুরূপ হাদীসগুলো যিন্দীকদের (নাস্তিকদের) জালকৃত।

আমি (আলবানী) বলছিঃ সুয়ূতী তার "জামেউস সাগীর" গ্রন্থে এটি এবং পরবতী হাদীসটি উল্লেখ করে গ্রন্থটিকে কালিমালিপ্ত করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন